

বাংলাদেশ দূতাবাস  
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

নং: ১৩৫

**দ্বিপাক্ষিক সম্পর্কের সুবর্ণ জয়ন্তীতে থাইল্যান্ডের চিয়াং মাই প্রদেশের প্রথিতযশা পায়াপ বিশ্ববিদ্যালয়ে  
দিনব্যাপি একাডেমিক সম্মেলন অনুষ্ঠিত**

ব্যাংকক, ২০ জানুয়ারি ২০২৩

বাংলাদেশ ও থাইল্যান্ডের দ্বিপাক্ষিক সম্পর্কের সুবর্ণ জয়ন্তী উদযাপন এর অংশ হিসেবে আজ উত্তর থাইল্যান্ডের চিয়াং মাই প্রদেশের অন্যতম ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান পায়াপ বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক এর যৌথ আয়োজনে একাডেমিক সম্মেলন অনুষ্ঠিত হয়। দিনব্যাপি এ আয়োজনে দ্বিপাক্ষিক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে ৫টি প্যানেল আলোচনায় থাইল্যান্ড, বাংলাদেশসহ বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ, প্রাক্তন রাষ্ট্রদূতগণ, দুই দেশের বিভিন্ন অংশীজন দপ্তরের শীর্ষ কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। এ অনুষ্ঠানে দূতাবাসের পক্ষ থেকে পায়াপ বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে বাংলাদেশ ও থাইল্যান্ডের দ্বিপাক্ষিক সম্পর্কের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে একটি আলোকচিত্র প্রদর্শনীও আয়োজন করে।

দিনের শুরুতে বাংলাদেশ ও থাইল্যান্ডের দ্বিপাক্ষিক সম্পর্কের উপর বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক কর্তৃক নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শনের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। পায়াপ বিশ্ববিদ্যালয়ের সভাপতি Mr. Apicha Insuwan, থাইল্যান্ড পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া বিভাগের মহাপরিচালক এবং থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই সূচনা বক্তব্য রাখেন।

দিনব্যাপি প্যানেল আলোচনায় দ্বিপাক্ষিক বাণিজ্য, রাজনীতি ও পররাষ্ট্র নীতি, পর্যটন, কানেক্টিভিটি ও সম্পর্ক সম্প্রসারণের নতুন ক্ষেত্র হিসেবে স্বাস্থ্য, আইসিটি এবং থাই ও বাংলা ভাষার আন্তঃসম্পর্ক নিয়ে আলোচনা হয়। পায়াপ বিশ্ববিদ্যালয় থেকে Prof. Tony Waters, Prof. Wallapa Songprakun, Dr. Kirk Person, Dr. Robert Batzinger, Dr. Reynaldo R. Ty, Dr. Pachara Boonteerara; ফায়াও বিশ্ববিদ্যালয়ের স্কুল অব পলিটিক্যাল এন্ড সোশ্যাল সাইন্সেস এর সিনিয়র স্কলার Dr. Chiyon Raichagoo; চিয়াং মাই ট্যুরিজম কাউন্সিলের সভাপতি Mr. Punlop Saejew; স্মার্ট সিটি প্রমোশন অব ডিজিটাল ইকনোমি প্রমোশন এজেন্সি, থাইল্যান্ড এর সিনিয়র এক্সপার্ট Dr. Non Arkaraprasertkul অংশগ্রহণ করেন। বাংলাদেশ থেকে বিশেষজ্ঞ হিসেবে ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুর এর সিনিয়র ভিজিটিং ফেলো প্রাক্তন রাষ্ট্রদূত তারিক এ করিম; ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ; বাংলাদেশের ফরেন সার্ভিস একাডেমীর রেক্টর রাষ্ট্রদূত মাহফী বিনতে শামস; বাণিজ্য মন্ত্রণালয়ের অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব মনোজ কুমার রায় অংশগ্রহণ করেন।

সমাপনী পর্বে পায়াপ বিশ্ববিদ্যালয়ের সভাপতি Mr. Apicha Insuwan এবং থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই এ আয়োজন সফলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। দিনব্যাপি একাডেমিক সম্মেলনটি সরাসরি ও অনলাইন উভয় মাধ্যমে অনুষ্ঠিত হয়। এ কনফারেন্সে থাইল্যান্ডের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ, পায়াপ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, চিয়াং মাইয়ের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও বাংলাদেশ দূতাবাসসহ থাইল্যান্ডস্থ অন্যান্য দূতাবাসের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। দিনশেষে পায়াপ বিশ্ববিদ্যালয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

